গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়: International Centre for Integrated Mountain Development (ICIMOD) এর ৫৪তম BOG সভা ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত ব্যবস্থাপনা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব প্রদীপ কুমার মহোত্তম
যুগ্মসচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ১৩/০৪/২০২৩
সময় : সকাল ১১.০০ টা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, ২১-২৪ মে ২০২৩ ঢাকায় ICIMOD এর Board of Governors (BOG) এর ৫৪ তম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভা সফলভাবে আয়োজনের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনার জন্য সভা আয়োজন করা হয়েছে। অত:পর ICIMOD কর্তৃক প্রেরিত অনুষ্ঠানসূচী অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | আমন্ত্রিত বিদেশী প্রতিনিধিগণের ভ্রমণসূচি সংগ্রহ করে সে অনুযায়ী বিমানবন্দরে তাঁদের অভ্যর্থনা জানানোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের তিনজন কর্মকর্তার সমন্বয়ে একটি টিম গঠন করার বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়া, অভ্যর্থনা টিমের যাতায়াতের জন্য একটি গাড়ির প্রয়োজন মর্মে আলোচনা হয়। | ১.১ উপসচিব (পরিকল্পনা-১) এর নেতৃত্বে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও প্রটোকল অফিসারের সমন্বয়ে একটি অভ্যর্থণা টিম গঠন করতে হবে।<br>১.২ অভ্যর্থনা টিমের যাতায়াতের জন্য একটি গাড়ির ব্যবস্থা করতে হবে। | ১.১ উপসচিব (পরিকল্পনা-১); সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও প্রটোকল অফিসার, পাচবিম;<br>১.২ উপসচিব (বাজেট/প্রশাসন-২) |
| ২ | ICIMOD এর বোর্ড সভায় অংশগ্রহণের লক্ষ্যে বিদেশী প্রতিনিধিগণ আগামী ২০ ও ২১ মে, ২০২৩ তারিখ বিভিন্ন সময়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবেন। তাঁদেরকে VIP Lounge ব্যবহার এবং অভ্যর্থনা জানানোর নিমিত্ত Boarding Bridge Point এ Placard নিয়ে দাঁড়ানো প্রয়োজন। বিদেশী প্রতিনিধিবৃন্দের নামের তালিকা এবং অভ্যর্থনা জানানোর জন্য এ মন্ত্রণালয়ের প্রটোকল অফিসারগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নামের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ICIMOD এর প্রতিনিধিবৃন্দকে অভ্যর্থনা জানানোর জন্য Boarding Bridge Point এ Placard নিয়ে দাঁড়ানোর ব্যবস্থা ও VIP Lounge ব্যবহারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর বরাবর পত্র প্রেরণ করতে হবে। বিদেশী প্রতিনিধিবৃন্দের নামের তালিকা এবং অভ্যর্থনা জানানোর জন্য এ মন্ত্রণালয়ের প্রটোকল অফিসারগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নামের তালিকা প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ; পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর |
| ৩ | ২১ মে ২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত বিদেশী প্রতিনিধিবর্গের Site Seeing এর পরিকল্পনা রয়েছে। উক্ত সময়ে সংসদ ভবন, হাতিরঝিল লেক এবং আড়ং বিক্রয়কেন্দ্রে যাওয়ার সফরসূচী করা হয়। এজন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে | সংসদ ভবনে প্রবেশের অনুমতি গ্রহণের জন্য অতিথিবৃন্দের নামের তালিকাসহ অনুমতিপত্র সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়-কে প্রেরণ করতে হবে।<br>এছাড়া হাতিরঝিল লেকে ভ্রমণের ক্ষেত্রে | সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়; পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন |

CS CamScanner

its and guidance fo
grateful rec
ition at th
receivi
arti

| | | | |
|---|---|---|---|
| | যোগাযোগ করা প্রয়োজন। | নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশকে অনুরোধ করতে হবে। | পুলিশ, যুগ্মসচিব (উন্নয়ন); উপসচিব (পরিকল্পনা-১); সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) |
| ৪ | ২১ ২০২৩ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় Partners Day এর সভা অনুষ্ঠিত হবে। সে উপলক্ষ্যে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন ও আমন্ত্রণপত্র বিতরণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সভায় ICIMOD এর নিকট থেকে Partnerদের তালিকা সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। | সভার এক সপ্তাহ পূর্বে তালিকা প্রণয়নপূর্বক আমন্ত্রণপত্র বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব, (উন্নয়ন); সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) |
| ৫ | ২৩ মে ২০২৩ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান ও ডিনারের আয়োজন বিষয়ে আলোচনার পরিপ্রেক্ষিতে জানানো হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও ডিনার হোটেল সোনারগাঁয়ে অনুষ্ঠিত হবে। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকায় বসবাসরত ক্ষুদ্রনৃগোষ্ঠীর শিল্পীদের সঙ্গে যোগাযোগ করে ১ ঘন্টার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা প্রয়োজন। সোনারগাঁও হোটেলের কোন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে সে স্থান সরেজমিনে পরিদর্শন করে চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া ডিনারের ম্যানুও উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে চূড়ান্ত করার বিষয়ে সভায় ঐক্যমত্য প্রকাশ করা হয়। | ৫.১ ঢাকায় বসবাসরত ক্ষুদ্রনৃগোষ্ঠীর শিল্পীদের নিয়ে এক (০১) ঘন্টার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।<br>৫.২ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের স্থান সরেজমিনে পরিদর্শন করে নির্বাচন করতে হবে।<br>৫.৩ ডিনারের ম্যানু উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে চূড়ান্ত করতে হবে। | যুগ্মসচিব (সমন্বয়/উন্নয়ন); উপসচিব (বাজেট/প্রশাসন-২/পরিকল্পনা-১); সিসস (পরিকল্পনা-২) |
| ৬ | বোর্ড মিটিংয়ের শেষ কার্যদিবস ২৪ মে ২০২৩ তারিখে গোপালগঞ্জে ফিল্ড ভিজিট অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | জেলা প্রশাসক ও পুলিশ সুপার, গোপালগঞ্জ এবং যে প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করতে হবে। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ ; পুলিশ সুপার, গোপালগঞ্জ; সিসস (পরিকল্পনা-২) |
| ৭ | সভায় আরও আলোচনা হয় যে, যেহেতু বোর্ড মিটিং সম্পন্ন করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্টতা রয়েছে তাই অত্র মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা করা প্রয়োজন। | সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা করার জন্য সভার তারিখ ও সময় নিতে হবে। | সিসস (পরিকল্পনা-২) |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-১৬/০৪/২০২৩
(প্রদীপ কুমার মহোত্তম)
যুগ্মসচিব ও
আহবায়ক, ICIMOD ব্যবস্থাপনা কমিটি

২৯.০০.০০০০.২২৬.১৪.০৩৪.২৩- ৪২

তারিখ: ০২/০৫/২০২৩ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
২। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা
৩। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৪। যুগ্মসচিব (উন্নয়ন/সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

CamScanner

ক্রমিক

৫। উপসচিব (পরিকল্পনা-১/বাজেট/প্রশাসন-২),পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ
৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ
৮। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২),পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৯। প্রটোকল অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
১০। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

২/৫/২৩

(মুন্না রানী বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২)
ফোন- ২২২৩৩৫৭১১৮
e-mail: planning2@mochta.gov.bd

CS CamScanner